স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত বছরব্যাপী প্রস্তাবিত কর্মসূচি নিম্নরূপ:

| ক্রমিক | বছরব্যাপী কর্মসূচি |
|---|---|
| ১. | ৫০ টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র‍্যালি প্রতিটি জেলায় প্রদক্ষিণ শুরু। পতাকা প্রদক্ষিণ উপলক্ষ্যে জেলায় মুক্তিযোদ্ধা সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে। ৬৪ জেলা প্রদক্ষিণ শেষে ১৬ ডিসেম্বর সুবর্ণজয়ন্তী র‍্যালির ঢাকা প্রত্যাবর্তন। |
| ২. | বছরব্যাপী গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে সরকার/রাষ্ট্রপ্রধানদের আমন্ত্রণ জানানো (ভারত ভুটান ও রাশিয়াসহ বন্ধুরাষ্ট্রসমূহ)। |
| ৩. | বিদেশী রাষ্ট্রনায়কদের সংসদের বিশেষ অধিবেশনে ভাষণ দান। |
| ৪. | সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন। আগামী ০১(এক) মাসের মধ্যে কর্মসূচি চূড়ান্ত করে এই মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ। |
| ৫. | **ক)** লাইটস এন্ড লেজার শো/ড্রোন শো: সংসদ প্লাজা/হাতির ঝিল/অন্যান্য নির্ধারিত স্থানে রাতের বেলা লাইটস এন্ড লেজার শোর আয়োজন করা (বিশেষ বিশেষ দিনে)।<br>**খ)** জেলা,উপজেলা, ইউনিয়ন পরিষদ ও সিটি কর্পোরেশনের উপযুক্ত স্থানে LED স্ক্রিন স্থাপন ও মাননীয় প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বাণী, দেশের উন্নয়ন ও অগ্রযাত্রার প্রচার এবং পোস্টার, ব্যানার প্রভৃতি প্রস্তুত ও বিতরণের কর্মসূচি সংযোজন।<br>**গ)** নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়ন:<br>১) আন্তর্জাতিক অঙ্গনে বঙ্গবন্ধু ও বাংলাদেশকে তুলে ধরে বিশ্বের ১০০টি বিশ্ববিদ্যালয়ে সেমিনার/সিম্পেসিয়াম/ আলোচনা অনুষ্ঠান আয়োজন।<br>২) আমার পতাকা আমার অহংকার শিরোনামে মূল অনুষ্ঠানের দিন একই সাথে স্ব স্ব অবস্থানে থেকে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন।<br>৩) মুজিব থেকে বঙ্গবন্ধু শিরোনামে Secret Document অবলম্বনে ধারাবাহিক তথ্যচিত্র নির্মাণ<br>৪) স্বাধীনতার সূর্যসন্তান শিরোনামে Special Documentary On Martyred Intellectual নির্মাণ।<br>৫) মুক্তির কথা শিরোনামে Digital Library with the speech of Freedom Fighters নির্মাণ। |
| ৬. | গণহত্যা বিষয়ক আন্তর্জাতিক ও জাতীয় ব্যক্তিবর্গ সমন্বয়ে সেমিনার/আলোচনা সভা ও প্রদর্শনী। |
| ৭. | স্বাধীনতা যুদ্ধে বীরঙ্গনাসহ সকল বীরমুক্তিযোদ্ধাদের, অবদান নিয়ে ধারাবাহিক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান (দেশব্যাপী)। |
| ৮. | বীর মুক্তিযোদ্ধাদেরকে বিশেষ উত্তরীয়/টি-শার্ট/ক্যাপ ও বীরঙ্গনা মহিলা মুক্তিযোদ্ধাদেরকে শাড়ি/শাল ইত্যাদি উপহার প্রদানের লক্ষ্যে জেলা-উপজেলায় বরাদ্দ প্রদান। |
| ০৯. | মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় কুইজ/রচনা প্রতিযোগিতা/সংগীত/নৃত্য/চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা। প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের জন্য উপজেলা থেকে শুরু করে জাতীয়ভাবে সেরাদের পুরস্কৃত করা। |
| ১০. | আন্তর্জাতিক ফুটবল/ক্রিকেট/কাবাডি টুর্নামেন্ট আয়োজন। |
| ১১. | দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন করা। |
| ১২. | নুতন প্রজন্মের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মুক্তির উৎসব (বছরব্যাপী/বিভাগওয়ারী/জেলা/উপজেলা)। |
| ১৩. | বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক Global Business Summit আয়োজন করা। |
| ১৪. | মুক্তিযুদ্ধ ভিত্তিক আন্তর্জাতিক পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র উৎসব আয়োজন। |
| ১৫. | কেন্দ্রীয়ভাবে বীর মুক্তিযোদ্ধা মহাসমাবেশ |
| ১৬. | জেলা ও উপজেলা পর্যায়ে বীর মুক্তিযোদ্ধা সমাবেশ। |
| ১৭. | সুবর্ণজয়ন্তী সৌধ/মিনার/কলাম নির্মাণ। |
| ১৮. | 'মুক্তিযুদ্ধ পদক' প্রবর্তন। |
| ১৯. | দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন। |
| ২০. | মুজিববর্ষ উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের জন্য ৩০,০০০ বাসস্থান (বীরনিবাস) নির্মাণ ও হস্তান্তর। |
| ২১. | বীরের কন্ঠে বীরগাঁথা: বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন অভিজ্ঞতা রেকর্ড ও আর্কাইভকরণ। |
| ২২. | বীর মুক্তিযোদ্ধাদের জন্য পরিচিতিমূলক ডিজিটাল সনদপত্র ও স্মার্টকার্ড প্রদান। |
| ২৩. | মুক্তিযুদ্ধে অবদানের জন্য সম্মাননা পাওয়া বিদেশী বন্ধুদের সাক্ষাৎকার গ্রহণ, প্রচার ও আর্কাইভকরণ। |

| | |
|---|---|
| ২৪. | মিত্র বাহিনীর নিহত সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ কাজের উদ্বোধন (আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া)। বাংলাদেশ ও ভারতের মাননীয় প্রধানমন্ত্রী ২৬ মার্চ, ২০২১ তারিখে যৌথভাবে উদ্বোধন করতে পারেন। |
| ২৫. | ভারতের ত্রিপুরার বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থলে স্মৃতিস্তম্ভ নির্মাণ। |
| ২৬. | মুক্তিযুদ্ধের ১১ টি সেক্টর হেডকোয়ার্টারসে স্মৃতিস্তম্ভ নির্মাণ। (ভারতের সম্মতি প্রাপ্তি সাপেক্ষে) |
| ২৭. | মুজিবনগর থেকে নদীয়া পর্যন্ত প্রস্তাবিত 'স্বাধীনতা সড়ক'এর নির্মাণ কাজ শুরু (বাংলাদেশ অংশ)। |
| ২৮. | সুবর্ণজয়ন্তীর বিশেষ স্মরণিকা/স্মারক গ্রন্থ প্রকাশ। |
| ২৯. | বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের অগ্রগতি বিষয়ক গ্রন্থ/গবেষণামূলক পান্ডুলিপি প্রকাশে আর্থিক সহায়তা/গ্রন্থ প্রকাশ। |
| ৩০. | মুক্তিযুদ্ধ প্রতিদিন শিরোনামে ৭১' এর স্বাধীনতা সংগ্রামের দিনপঞ্জি প্রকাশ। (গ্রন্থ ও অডিও ভিজ্যুয়াল) |
| ৩১. | সকল শিক্ষা প্রতিষ্ঠান ও গ্রন্থাগারে এবং মুক্তিযুদ্ধ কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই বিতরণ। |
| ৩২. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ মোবাইল গেমস, ডকুমেন্টারি , টিভিসি ও চলচ্চিত্র নির্মাণ। |
| ৩৩. | মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রকলা প্রদর্শনী (শিল্পকলা একাডেমিসহ দেশের বিভিন্ন আর্ট গ্যালারীতে)। |
| ৩৪. | মুক্তিযুদ্ধ ভিত্তিক টিভিসি, ডকুমেন্টারি ও চলচ্চিত্র সারাদেশে প্রদর্শনীর ব্যবস্থা। |
| ৩৫. | মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র নির্মাণ যেমন নৌকমান্ডো আক্রমণের উপর 'অপারেশন জ্যাকপট' । |
| ৩৬. | দেশের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন। |
| ৩৭. | জীবিত বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে টক-শো এর আয়োজন ও বিভিন্ন চ্যানেলে (সরকারি ও বেসরকারি চ্যানেল) প্রচার। |
| ৩৮. | চারুকলা ইনস্টিটিউট এর তত্ত্বাবধায়নে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিশেষ ভাস্কর্য প্রদর্শনী। |
| ৩৯. | এ সকল কার্যক্রম বাস্তবায়নে বছরব্যাপী (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায়) ব্যাপক প্রচারের ব্যবস্থা করা। |
| ৪০. | সুবর্ণজয়ন্তীর সমাপনী তথা ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবসে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ব্যাপক জাঁকজমকপূর্ণ কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজন করা। |
| ৪১. | খ্যাতিমান রাষ্ট্রনায়ক, বিজ্ঞানী, অর্থনীতিবিদ, সাহিত্যিকদের আমন্ত্রণ জানানো । |
| ৪২. | স্বাধীনতা দিবসের আয়োজনে মহান মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য সম্মাননা পাওয়া বিদেশী বন্ধুদের আমন্ত্রণ জানানো। |
| ৪৩. | ১৬ ডিসেম্বর / ১৭ ডিসেম্বর রাতে আমন্ত্রিত অতিথিদের সম্মানে বিশেষ অনুষ্ঠানসহ নৈশ ভোজের আয়োজন করা। |
| ৪৪. | প্রত্যেক ইউনিয়ন, পৌর, সিটি কর্পোরেশনের প্রত্যেক ওয়ার্ডে, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসাসহ) কমিটি কর্তৃক নির্বাচিত বঙ্গবন্ধুর উপর ছড়া, কবিতা, গান, রচনা প্রতিযোগিতা সকল ছাত্রের অংশগ্রহণের মাধ্যমে কর্মসূচি পালন। |
| ৪৫. | দেশাত্মবোধক সঙ্গীত, নৃত্য, আতশবাজি, ব্যাপক আলোকসজ্জা ইত্যাদির মাধ্যমে বছরব্যাপী আয়োজনের সমাপ্তি ঘোষণা করা। |
| ৪৬. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশের দূতাবাসসমূহ এবং জেলা-উপজেলায় জাতীয় কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে সম্ভাব্য কর্মসূচি গ্রহণ করা হবে। |
| ৪৭. | 1971 Genocide Mapping শিরোনামে কর্মসূচি গ্রহণ। |
| ৪৮. | Courtroom Drama On Bangabandhu Muder Trail শিরোনামে ড্রামা ও ওয়েব সিরিজ নির্মাণ। |
| ৪৯. | পথে পথে বিজয় শিরোনামে যশোর, কুমিল্লা,ত্রিপুরা,খুলনা, ফরিদপুর ও অন্যান্য স্থানে শত্রু মুক্ত হবার দিবস উদযাপন । |
| ৫০. | মুক্তিযুদ্ধ অলিম্পিয়ার্ড আয়োজন, মেডিসন গার্ডেন কনসার্ট, মুক্তিযুদ্ধ Interactive Game, দেশের ৫০টি জেলায় মুক্তিযুদ্ধ কমপ্লেক্সে Digital Edutrainment Center স্থাপন। |

২৫/৮/২২